



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, দিনাজপুর

Web : www.dinajpureducationboard.gov.bd

E-mail : dinajpureducationboard@gmail.com

স্মারক নং : মাউশিবোদি/পনি/পরী-মাধ্যঃ/২০১৭/১৮৯৪(০৩)

তারিখ : ২৫/০১/২০১৭ খ্রি.

বিষয় : ২০১৭ সালের এসএসসি পরীক্ষার ২০১৫-১৬ শিক্ষাবর্ষের পরীক্ষার্থীদের জন্য সময় বিভাজন সংক্রান্ত।

সূত্র : আশিবোপনিউক/২০০৯/১০৮, তারিখ- ১০/০১/২০১৬।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড, বাংলাদেশ কর্তৃক ২০১৭ সালের এসএসসি পরীক্ষার নম্বর বন্টন পরিবর্তন করায় উল্লিখিত পরীক্ষার নিম্নরূপ সময় বিভাজন করা হলো।

- ✓ ৩০ নম্বরের বহুনির্বাচনী (MCQ) পরীক্ষার ক্ষেত্রে সময় ৩০ মিনিট এবং ৭০ নম্বরের সৃজনশীল (CQ) পরীক্ষার ক্ষেত্রে সময় ২ ঘন্টা ৩০ মিনিট।
- ✓ ব্যবহারিক বিষয় সম্বলিত পরীক্ষার ক্ষেত্রে ২৫ নম্বরের বহুনির্বাচনী (MCQ) অংশের জন্য সময় ২৫ মিনিট এবং ৫০ নম্বরের সৃজনশীল (CQ) অংশের জন্য সময় ২ ঘন্টা ৩৫ মিনিট।
- ✓ পরীক্ষা বিরতিহীনভাবে প্রশ্নপত্রে উল্লিখিত সময় পর্যন্ত চলবে। (MCQ) এবং (CQ) উভয় অংশের পরীক্ষার মধ্যে কোনো বিরতি থাকবে না।

সকাল ১০.০০ টা থেকে বেলা ০১.০০ টা পর্যন্ত পরীক্ষার ক্ষেত্রে		
অলিখিত উত্তরপত্র ও বহুনির্বাচনী OMR শিট বিতরণের সময়	বহুনির্বাচনী প্রশ্নপত্র বিতরণের সময়	বহুনির্বাচনী উত্তরপত্র (OMR শিট) সংগ্রহ ও সৃজনশীল প্রশ্নপত্র বিতরণের সময়
০৯:৪৫ মিনিট	১০:০০ মিনিট	১০:৩০ মিনিট

বিকাল ২.০০ টা থেকে বিকাল ০৫.০০ টা পর্যন্ত পরীক্ষার ক্ষেত্রে		
অলিখিত উত্তরপত্র ও বহুনির্বাচনী OMR শিট বিতরণের সময়	বহুনির্বাচনী প্রশ্নপত্র বিতরণের সময়	বহুনির্বাচনী উত্তরপত্র (OMR শিট) সংগ্রহ ও সৃজনশীল প্রশ্নপত্র বিতরণের সময়
০১:৪৫ মিনিট	০২:০০ মিনিট	০২:৩০ মিনিট

কেন্দ্র সচিব, কক্ষ পরিদর্শক, পরীক্ষার্থী এবং সংশ্লিষ্ট সকলকে উল্লিখিত সময় বিভাজন যথাযথভাবে অনুসরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

মোঃ তোফাজ্জুর রহমান

পরীক্ষা নিয়ন্ত্রক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড

দিনাজপুর।

ফোনঃ ০৫৩১-৫১৮৮১, ফ্যাক্স : ০৫৩১-৬৬৪২১